গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৪.১১৬.০০.০০.০০২.২০১৯-২৭ তারিখঃ-২৫/০৩/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মনিটরিং কমিটির চতুর্থ সভা।

সভার স্থানঃ মিনি সভাকক্ষ (কক্ষ নং-৩৩৮)
তারিখঃ ২০.০৩.২০১৯ খ্রিঃ
সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা
সভাপতিঃ জনাব মোঃ আনোয়ার হোসেন
যুগ্মসচিব (পার) ও সভাপতি, মনিটরিং কমিটি

**উপস্থিতঃ পরিশিষ্ট-ক**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান) বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কারো কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়।

০২। সভায় বিগত সভার সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি ও বর্তমান আলোচ্যসূচী সম্পর্কে বিস্তারিত আলোচনা করে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনার বিষয় | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|
| **ক) বিগত সভার কার্য বিবরণী**<br>বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়। 'মনিটরিং ছক' বিষয়ে আপত্তি উত্থাপিত হয় যে, 'সপ্তাহ' বলতে শানিবার থেকে শুক্রবার বুঝালে 'বর্তমান সপ্তাহ' মনিটরিং সভার দিন 'বুধবার' থেকে অনেকখানি পিছিয়ে পড়ে, তাই 'সপ্তাহ' বলতে বুধবার থেকে মঙ্গলবার ধরাই যুক্তিযুক্ত। এছাড়া বিবিধ বিষয়ে নিমিউ ও সিএমএসডি এর প্রতিনিধির সাথে টেমো প্রতিনিধিকেও এ্যাম্বুলেন্স মেরামতের সাথে যুক্ত বিধায় কো-অপ্ট করা যেতে পরে। | মনিটরিং ছকে 'সপ্তাহ' বলতে বুধবার থেকে মঙ্গলবার সময়কে বুঝাবে। টেমো প্রতিনিধিকেও মনিটরিং টিমের সদস্য হিসেবে কো-অপ্ট করা হলো। বর্ণিত সংশোধনীসহ তৃতীয় সভার কার্যবিবরণী অনুমোদিত হলো। | সকল মনিটরিং কর্মকর্তা |
| **খ) উপস্থিতি**<br>সপ্তাহান্ত মঙ্গলবারের উপস্থিতি পর্যালোচনা করে দেখা যায় যে জাতীয় উপস্থিতি গড়ে ৭৫.৫% হতে বরিশাল, খুলনা ও ময়মনসিংহ বিভাগের উপস্থিতি বেশী এবং রংপুর, রাজশাহী, সিলেট, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের উপস্থিতি কম। সভাপতি বারিশাল ময়মনসিংহ ও খুলনা বিভাগের কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন ও উপস্থিতির এ ধারা অব্যহত রাখার আহবান জানান। তিনি বলেন সপ্তাহান্তে জাতীয় গড় যদিও ৭৫.৫% কিন্তু কোন কোন দিন উপস্থিতি কিছুটা কমে যায় এবং কোন কোন জেলা/ উপজেলার উপস্থিতির হার অত্যান্ত কম। উদাহরণস্বরূপ তিনি পার্বত্য জেলা, নোয়াখালি, গাইবান্ধা এসব জেলার নাম উল্লেখ করেন। তিনি কম উপস্থিতি সম্পন্ন সকল জেলা/ উপজেলায় তদারকী বাড়ানোর আহবান জানান।<br><br>সভায় আলোচিত হয় যে, প্রায় সর্বত্র Check In Impression থাকলেও অনেকক্ষেত্রেই Check Out Impression থাকেনা এতে ঐ কর্মকর্তা কর্মক্ষেত্রে দায়িত্ব পালন করেছেন কিনা তা বুঝা যায় না। সভাপতি Check In-Check Out এর তদারকী বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন। | কম উপস্থিতি সম্পন্ন জেলাসমূহে তদারকী বাড়াতে হবে এবং Check In-Check Out তথ্য তদারকী করতে হবে। | সকল মনিটরিং কর্মকর্তা |
| **গ) মনিটরিং ছক**<br>বায়োমেট্রিক সিস্টেমে জাতীয় ও বিভাগীয় পর্যায়ের হাসপাতালসমূহ এখনো যুক্ত হয়নি। সকল হাসপাতালকে বায়োমেট্রিক হিসেবে যুক্ত হবার ও সংশ্লিষ্ট সকলের বায়োমেট্রিক রেজিস্ট্রেশন করানোর বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। সভায় সকল স্বাস্থ্য প্রতিষ্ঠান বায়োমেট্রিক।<br><br>সিস্টেমে যুক্ত করার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার বিষয়ে অলোচিত হয়। সভায় প্রস্তাব করা হয় যে দ্বৈততা পরিহারের জন্য মনিটরিং কর্মকর্তাগণকে প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব ভাগ করে দেয়া দরকার। | সকল মেডিকেল কলেজ হাসপাতাল ও জাতীয় পযায়ের জেনারেল ও বিশেষায়িত হাসপাতালের দায়িত্ব ভাগ করে দিতে হবে। | সভাপতি মনিটরিং কমিটি |
| **বিবিধ**<br>ঘ) প্রশাসন-১ অধিশাখা হতে ০৪.০৩.২০১৯ তারিখে ৩৪২ সংখ্যক স্মারকে সরেজমিনে পরিদর্শন করার জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কে জেলাসমূহের দায়িত্ব ভাগ করে মনিটরিং টিমসমূহ গঠন করে দেয়া হয়েছে এবং এতদসংক্রান্ত পূর্বের সকল আদেশ বাতিল হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। এ প্রেক্ষিতে চলমান | পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত এ মনিটরিং বিষয়ে কাজ চলমান থাকবে। | সকল মনিটরিং কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| মনিটরিং কমিটির কর্মকর্তাগণের মধ্যে উক্ত কমিটি বহাল আছে কিনা সে বিষয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। সভাপতি জানান যে, এ বিষয়ে সচিব মহোদয়ের সাথে তাঁর কথা হয়েছে। সচিব মহোদয় উক্ত মনিটরিং টিমের কাজ চলমান থাকবে বলে তাঁকে জানান। | | |
| কর্পোরেট সিম<br>ঙ) সভায় জানানো হয় যে, বায়োমেট্রিক হাজিরা সিস্টেমে প্রতিষ্ঠানসমূহের যে যোগাযোগ নম্বর দেয়া হয়েছে তা হয়তো জরুরী বিভাগের অথবা প্রতিষ্ঠান প্রধানের ব্যক্তিগত নম্বর। প্রতিষ্ঠান প্রধান বদলী হলে ঐ নম্বরও পরিবর্তন করতে হয়। এ অবস্থায় প্রতিটি প্রতিষ্ঠানের জন্য Corporate নম্বর ব্যবহার করার প্রস্তাব করা হয়। | বায়োমেট্রিক হাজিরা সিস্টেমে প্রতিষ্ঠানের তথ্য বিবরণীতে কর্পোরেট নম্বর উল্লেখের ব্যবস্থা করার জন্য মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হবে। | সদস্য সচিব মনিটরিং কমিটি |
| জনবল, যন্ত্রপাতি, এ্যম্বুলেন্স<br>চ) প্রতিষ্ঠান মনিটরিং কালে জনবল, যন্তপাতি ও এ্যম্বুলেন্স সংক্রান্ত কোন সমস্যা গোচরীভূত হলে তা মনিটরিং কমিটির সভায় লিখিতভাবে উপস্থাপনের জন্য সভাপতি অনুরোধ জানান। | সিদ্ধান্তঃ কোন প্রতিষ্ঠানের জনবল যন্ত্রপাতি, এ্যম্বুলেন্স সংক্রান্ত কোন সমস্যা গোচারীভূত হলে তা লিখিত আকারে মনিটরিং সভায় উপস্থাপন করা হবে ও পরবর্তী কার্যক্রম মনিটরিং করা হবে। | সকল মনিটরিং কর্মকর্তা |

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকাতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৫/০৩/২০১৯

(মোঃ আনোয়ার হোসেন)
যুগ্মসচিব (পার) অনুবিভাগ
স্বাস্থ্য সেবা বিভাগ
ও
সভাপতি
মনিটরিং টিম
ফোনঃ ৯৫৪০২০৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপসচিব (পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপসচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবাস্থাপনা-১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপসচিব (প্রশাসন-৪ মনিটরিং) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৯। উপসচিব (মেরামত শাখা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপসচিব (জনস্বাস্থ্য-১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। উপপরিচালক, (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব (মাননীয় মন্ত্রীর দপ্তর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সিস্টেম এনালিষ্ট (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৪। জনাব সুকেন্দু শেখর রায়, সিস্টেম এনালিষ্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৫। ডাঃ মোঃ আবুল বাসার সরকার, মেডিকেল অফিসার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৬। ডাঃ মুহাম্মদ আনোয়ার সাদাত, মেডিকেল অফিসার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৭। পরিসংখ্যান কর্মকর্তা (প্রশাসন-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,ঢাকা।

২৫.০৩.২০১৯

(মোহাম্মদ মাঈনউদ্দিন চৌধুরী)
সদস্য সচিব
মনিটরিং টিম